

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

তারিখ-----।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১২.১৬-

বিষয় : চুরি যাওয়া সরকারী ০২(দুই)টি মোটরসাইকেল ক্রয়পূর্বক জমা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মোরশেদ আহমেদ, পাবনা জেলাধীন ঈশ্বরদী এবং ভাঙ্গুরা উপজেলা কার্যালয়ের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার দায়িত্ব পালনকালীন উক্ত দু'টি কার্যালয়ের মোটরসাইকেল (পাবনা হ ১১-৯৭৯৭, পাবনা হ ১১-৯৮০০) কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে আপনি কর্মস্থলের বাহিরে কুষ্টিয়া জেলা শহরস্থ আপনার বাসভবনে নিয়ে যান; সেখান হতে মোটরসাইকেল দু'টি চুরি হওয়ায় অদক্ষতা ও অসদাচরণের দায়ে অভিযুক্ত করে অত্র দপ্তরের ০৪-০৪-২০১৬ খ্রিঃ তারিখের ৮৮ সংখ্যক স্মারকে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়, যা বর্তমানে চলমান রয়েছে। আপনি উক্ত মামলায় আনীত অভিযোগের বিষয়ে লিখিতভাবে জবাব দাখিল করেন। গত ১৬-০৬-২০১৬ খ্রিঃ তারিখে আপনার ব্যক্তিগত গুনানী গ্রহণ করা হয়। গুনানীকালে আপনি চুরি যাওয়া সরকারী মোটরসাইকেল দু'টির বিপরীতে দু'টি নতুন মোটরসাইকেল ক্রয় করে দেয়ার প্রস্তাব করলে, আপনাকে লিখিতভাবে আবেদন করার জন্য পরামর্শ প্রদান করা হয়। আপনি দু'টি মোটরসাইকেল ক্রয় করে দেয়ার অনুমতি চেয়ে আবেদন করেন; আপনার আবেদনের প্রেক্ষিতে ঈশ্বরদী উপজেলা কার্যালয়ের মোটরসাইকেলের অবচয় ২৫,৮০০/- এবং ভাঙ্গুরা উপজেলা কার্যালয়ের মোটরসাইকেলের অবচয় ৩৮,৭০০/- নির্ধারণ করা হয়।

এমতাবস্থায়, উল্লিখিত মোটরসাইকেল দু'টির ক্রয় মূল্য (১,২৯,০০০+১,২৯,০০০)=২,৫৮,০০০/- হতে অবচয় (২৫,৮০০+৩৮,৭০০)=৬৪,৫০০/- টাকা বাদ দিয়ে আগামী ১৫(পনের) দিনের মধ্যে অবশিষ্ট (২,৫৮,০০০-৬৪,৫০০)= ১,৯৩,৫০০/- (এক লক্ষ তিরানব্বই হাজার পাঁচশত) টাকায় দু'টি মোটরসাইকেল ক্রয়পূর্বক উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পাবনা বরাবরে জমা নিশ্চিত করতে নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন : ৯৫৫৯৩৮৯

জনাব মোরশেদ আহমেদ  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
যুব উন্নয়ন অধিদপ্তর, ঈশ্বরদী, পাবনা, অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত-ভাঙ্গুরা, পাবনা।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১২.১৬- ২২৭

তারিখ-----।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। প্রকল্প পরিচালক, "কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ" প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পাবনা(পত্রের নির্দেশনা মাফিক মোটরসাইকেল দু'টির প্রাপ্তি নিশ্চিতপূর্বক লিখিতভাবে প্রধান কার্যালয়কে অবহিত করতে অনুরোধ করা হলো)।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন-২), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। অফিসার ইনচার্জ, ঈশ্বরদী/ভাঙ্গুরা, পাবনা।
- ০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৭। অফিস কপি।

(মোঃ আতাউর রহমান)

সহকারী পরিচালক (শৃংখলা)

ফোন : ৯৫৫১৮৫৯